গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গাজীপুর।
www.food.gazipur.gov.bd

স্মারক নং- ১৩.০১.৩৩০০.০০৩.৫৭.১৫৮.২৩.৩৬০ তারিখঃ ২৩/০২/২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এবং গাজীপুর জেলা ওএমএস কমিটির ২৩/০২/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ওএমএস কার্যক্রমের আওতায় গাজীপুর মহানগরে খোলাবাজারে দরিদ্র জনসাধারণের মাঝে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে চাল ও আটা বিক্রির জন্য নিম্নোক্ত ২৮টি বিক্রয়কেন্দ্র/এলাকায় ০১ (এক) জন করে ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ডিলার নিয়োগ লাভে আগ্রহী ব্যক্তিবর্গ/ব্যবসায়ীগণকে নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

| | |
|---|---|
| ১। আবেদনপত্র প্রাপ্তির স্থান | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাজীপুর |
| ২। আবেদনপত্রের মূল্য | ৫০০/- (পাঁচশত) টাকা |
| ৩। আবেদনপত্র প্রাপ্তি ও জমার তারিখ | ২৪-০২-২০২৫খ্রি. হতে ০২-০৩-২০২৫খ্রি. পর্যন্ত (সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত (শেষ দিন ০২-০৩-২০২৫খ্রি. দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত) |
| ৪। আবেদন বাক্স খোলার তারিখ | ০২-০৩-২০২৫খ্রি. তারিখ দুপুর ২:০০ ঘটিকা। |
| ৫। আবেদনপত্র জমাদানের স্থান | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাজীপুর |
| ৬। আবেদনপত্র যাচাই-বাছাই এর সময়সীমা | ০৩-০৩-২০২৫খ্রি. হতে ০৫-০৩-২০২৫খ্রি. |
| ৭। যোগ্য ও অযোগ্য তালিকা প্রকাশ ও ডিলার নির্বাচনী সভা/লটারীর তারিখ ও স্থান | ০৬-০৩-২০২৫খ্রি. ( জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর/ জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাজীপুর) |

<u>ওএমএস বিক্রয় কেন্দ্রের তালিকাঃ</u> ১. ভবানীপুর স্কুল সংলগ্ন - ০২ নং ওয়ার্ড (দোকান); ২. হাতিমাড়া ঈদগাঁ মাঠ সংলগ্ন -০৩ নং ওয়ার্ড (দোকান); ৩. সুলতান মার্কেট, কাশিমপুর-০৪ নং ওয়ার্ড (দোকান); ৪. বাঘবাড়ী-০৫ নং ওয়ার্ড (দোকান); ৫. কাশিমপুর বাজার সংলগ্ন-০৬ নং ওয়ার্ড (দোকান); ৬. কোনাবাড়ি-০৯ নং ওয়ার্ড (দোকান); ৭. আমবাগ-১০ নং ওয়ার্ড (দোকান); ৮. কড্ডা/ইসলামপুর-১৪ নং ওয়ার্ড (ট্রাক); ৯. দিঘীর চালা-১৬ নং ওয়ার্ড (ট্রাক), ১০. মোগরখাল -১৭ নং ওয়ার্ড (ট্রাক); ১১. টেকনগপাড়া-১৮ নং ওয়ার্ড (ট্রাক); ১২. মৈশানবাড়ি কাথুরা-২০ নং ওয়ার্ড (ট্রাক); ১৩. জোলার পাড় বাজার-২১ নং ওয়ার্ড (ট্রাক) ; ১৪. ভীমবাজার মাস্টারবাড়ী-২২ নং ওয়ার্ড (ট্রাক); ১৫. পোড়াবাড়ী বাজার-২৩ নং ওয়ার্ড (ট্রাক); ১৬. চত্তর বাজার-২৪ নং ওয়ার্ড (ট্রাক); ১৭. বাজালগাছ-৩০ নং ওয়ার্ড (ট্রাক); ১৮. বাজর-৩২ নং ওয়ার্ড (ট্রাক); ১৯. হারিকেন-৩৬ নং ওয়ার্ড (ট্রাক); ২০. বটতলা গাছা থানা সংলগ্ন -৩৩ নং ওয়ার্ড (ট্রাক); ২১. বাহার মার্কেট খাইলকুড় -৩৮ নং ওয়ার্ড (ট্রাক); ২২. হায়দারাবাদ, টংগী-৩৯ নং ওয়ার্ড (দোকান); ২৩. মদিনা মার্কেট, কাঁচাবাজার, গোপালপুর, টংগী-৪৪ নং ওয়ার্ড (দোকান); ২৪. গাজীপুরা বাজার, টংগী-৫০ নং ওয়ার্ড (দোকান); ২৫. বেক্সিমকো রোড, টংগী-৫৩ নং ওয়ার্ড (দোকান); ২৬. আউচপাড়া, টংগী-৫৪ নং ওয়ার্ড (দোকান); ২৭. মিল গেইট, টংগী-৫৫ নং ওয়ার্ড (দোকান); ২৮. গাজীবাড়ী, টংগী-৫৬ নং ওয়ার্ড (দোকান)।

<u>আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রের কপি সংযুক্ত করতে হবেঃ</u>
(ক) পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি; (খ) ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি; (গ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র; (ঘ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; (ঙ)জাতীয় পরিচয়পত্রের ফটোকপি; (চ) নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি; (ছ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি; (জ)অঙ্গীকারনামা; (ঞ) TIN সনদ।

<u>ওএমএস ডিলার হিসেবে আবেদনের যোগ্যতাঃ</u>
১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ (আঠার) বছরের উর্ধ্বে যেকোন নাগরিক আবেদন করতে পারবেন;
২। গাজীপুর সিটি কর্পোরেশন এর হালনাগাদ/নবায়নকৃত ট্রেড লাইসেন্সধারী হতে হবে;
৩। খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
৪। নির্ধারিত বিক্রয়কেন্দ্রের সন্নিকটে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষনাগার থাকতে হবে। দোকানের মেঝে পাকা হতে হবে;
৫। আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
৬। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয়ে সক্ষম ও সম্মত হতে হবে;

চলমান পাতা- ০২

৭। ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে"

৮। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের উপযোগী ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং ওএমএস সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে;

৯। আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের ডিলারশীপের জন্য আবেদন করবেন উহার নাম আবেদনপত্রে এবং খামের উপর উল্লেখ করতে হবে। একজন আবেদন কারী শুধুমাত্র একটি বিক্রয় কেন্দ্রের ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন।

<u>অযোগ্যতাঃ</u>

১। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;

২। খাদ্য আধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন খাদ্যবান্ধব কর্মসূচীতে অন্তর্ভূক্ত ডিলারগণ আবেদন করতে পারবেন না;

৩। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপতিনিধি ডিলার হতে পারবেন না;

৪। নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্বকারীগন আবেদনের অযোগ্য মর্মে বিবেচিত হবেন;

<u>নিয়মাবলী/শর্তাবলীঃ</u>

১। ওএমএস ডিলারশীপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা নগদ মূল্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গাজীপুর হতে ২৪-০২-২০২৫খ্রি. হতে ০২-০৩-২০২৫খ্রি. পর্যন্ত (প্রতি কর্ম দিবসে সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০) টা পর্যন্ত আবেদন ফরম সংগ্রহ করা যাবে। ক্রয়কৃত আবেদন ফরম এর সাথে নির্ধারিত বিক্রয় কেন্দ্র সমূহের তালিকা এবং ফরম ক্রয়ের রশিদ সরবরাহ করা হবে;

২। ২৪-০২-২০২৫খ্রি. হতে ০২-০৩-২০২৫খ্রি. (প্রতি কর্ম দিবস সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০ টা) আবেদনপত্র জমা দেয়া যাবে। তবে শেষ কর্মদিবস ০২-০৩-২০২৫খ্রি. বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত আবেদন জমা দেয়া যাবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গৃহীত হবে না এবং বাতিলযোগ্য বিবেচিত হবে;

৩। আবেদনকারী যেকোন একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে ডিলারশীপ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন। একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করা হলে আবেদন বাতিল বলে বিবেচিত হবে;

৪। আবেদনকারীর দোকান নিজস্ব হলে মালিকানা দলিল এবং ভাড়াকৃত হলে ভাড়ার চুক্তিপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে;

৫। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল মর্মে গণ্য হবে;

৬। নিয়োগপ্রাপ্ত ডিলাকে পে-অর্ডার আকারে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরৎযোগ্য জামানত প্রদান করতে হবে এবং নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা জমা দিতে হবে;

৭। আবেদনকারী ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয়ের ডিলারশিপ বাতিল করা হবে;

৮। ওএমএস ডিলারশীপ লাইসেন্স কোনক্রমেই হস্তান্তর করা যাবে না।

৯। আবেদন সংখ্যা অধিক হলে নিয়োগ কর্তৃপক্ষ যোগ্য ও অযোগ্য তালিকা প্রকাশ এবং লটারীর তারিখ ও স্থান ও সময় পরিবর্তন করতে পারবে।

১০। নতুন অনুমোদিত ওয়ার্ড/কেন্দ্রের ৫০% কেন্দ্রে ভ্রাম্যমান ট্রাকের মাধ্যমে এবং ৫০% দোকানের মাধ্যমে খাদ্যশস্য বিতরণ করতে হবে।

১১। ওএমএস ডিলার নিয়োগের বিষয়ে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪, সংশ্লিষ্ট পরিপত্র এবং খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তর কর্তৃক এতদবিষয়ে জারিকৃত নির্দেশনা ও আদেশ প্রযোজ্য হবে।

এ বিজ্ঞপ্তি অত্র দপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে।

উল্লেখ্য, কর্তৃপক্ষ প্রয়োজনে কোন ব্যাখ্যা প্রদান ছাড়া এ বিজ্ঞপ্তি বা বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩/০২/২৫

(মোঃ শফি আফজালুল আলম)
পরিচিতি নং ০৪০৩৭
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
গাজীপুর।